

পশ্চিমবঙ্গ মূল্যায়ন পর্ষদ

Website: www.westbengalvaluationboard.gov.in

রানাঘাট পৌরসভা অন্তর্গত জমি ও বাড়ীর খসড়া মূল্যায়ন তালিকা সম্পর্কিত বিজ্ঞপ্তি

সাধারণ বিজ্ঞপ্তি নং ০২/ডব্লিউ.বি.ভি.বি

তারিখ : ০১-০২-২০১৯

পশ্চিমবঙ্গ মূল্যায়ন পর্ষদ আইন, ১৯৭৮ এর সংশোধিত ৯এ ধারার ২ নং উপধারা এবং তদনুযায়ী রচিত নিয়মাবলী অনুসারে এতদ্বারা বিজ্ঞপ্তি জারি করা হইতেছে যে, নদীয়া জেলার অন্তর্গত রানাঘাট পৌরসভা অঞ্চলে অবস্থিত জমি ও বাড়ীর খসড়া মূল্যায়ন তালিকা যথাযথরূপে প্রস্তুত করা হইয়াছে। খসড়া মূল্যায়ন তালিকাটি শনিবার ও সরকারি ছুটির দিন ব্যতীত যে কোন দিন সকাল ১১-৩০ মিনিট হইতে বিকাল ৪-০০ মিনিট পর্যন্ত পশ্চিমবঙ্গ মূল্যায়ন পর্ষদ কার্যালয়ে অথবা রানাঘাট পৌরসভা অঞ্চলের পৌরভবনে পরিদর্শন করা যাইতে পারে।

জমি ও বাড়ীর মালিক অথবা অপর যে কোন ব্যক্তি যিনি মূলতঃ পুরকর (প্রপার্টি ট্যাক্স) দিতে দায়বদ্ধ, উক্ত মূল্যায়ন তালিকায় অন্তর্ভুক্ত জমি ও বাড়ীর বার্ষিক মূল্যায়নে যদি কোনো আপত্তি থাকে, তিনি সেই বার্ষিক মূল্যায়ন পুনর্বিবেচনার জন্য উপরিউক্ত আইনের সংশোধিত ৯এ ধারা এবং তদনুযায়ী রচিত নিয়মাবলী মোতাবেক রানাঘাট পৌরসভা অঞ্চলের পৌরভবনে অথবা পশ্চিমবঙ্গ মূল্যায়ন পর্ষদের কার্যালয়ে এই বিজ্ঞপ্তি প্রকাশের ২ (দুই) মাসের মধ্যে সদস্য সচিব, পশ্চিমবঙ্গ মূল্যায়ন পর্ষদের উদ্দেশ্যে আবেদন করিতে পারেন।

আবেদন পত্রটি পশ্চিমবঙ্গ মূল্যায়ন পর্ষদ (জমি ও বাড়ীর মূল্যায়ন) নিয়মাবলী, ১৯৮৪ এর সংশোধিত ৫বি ধারার নিয়মানুযায়ী দাখিল করা প্রয়োজন। বার্ষিক মূল্যায়নের আপত্তিজনিত কারণগুলি স্বচ্ছভাবে লিপিবদ্ধ করিতে হইবে।

তারিখ:- ০১/০২/২০১৯

পশ্চিমবঙ্গ মূল্যায়ন পর্ষদ,

পৌর প্রশাসন ভবন, বিধাননগর,

কলকাতা-৭০০০৬৪।

সদস্য সচিব


পশ্চিমবঙ্গ মূল্যায়ন পর্ষদ